Co-funded by
the European Union

# REFLECTIONS

## A Photo Story Book of Village Courts







**Activating Village Courts in Bangladesh (Phase II) Project**

**Local Government Division**

Ministry of Local Government, Rural Development & Co-operatives
Government of the People's Republic of Bangladesh

**REFLECTIONS**

A Photo Story Book of Village Courts
Activating Village Courts in Bangladesh (Phase II) Project

**Published in** : July 2021

**Advisory Board** : Maran Kumar Chakraborty, Additional Secretary
Local Government Division and National Project Director, AVCBII
Mohammad Sirazul Haq, Project Manager (Interim)

**Editorial Board** : Mable Silvea Rodrigues, Project Coordination Officer
Anamul Haque Khasru, Senior Capacity Development Officer
Moshiur Rahman Chowdhury, Legal Specialist
Mohammad Abdullah, Monitoring and Lessons Learning Officer
Ashutosh Mazumder, Monitoring and Lessons Learning Officer,
Activating Village Courts in Bangladesh (Phase II) Project, UNDP

**Overall Coordination** : Kazi Shamsul Amin, National Consultant- Communications and Outreach,
Activating Village Courts in Bangladesh (Phase II) Project, UNDP

**Published by** : Activating Village Courts in Bangladesh (Phase II) Project
Local Government Division
Ministry of Local Government, Rural Development & Co-operatives


## MALEHA GETS HER LAND BACK

Land dispute is a common issue in our country. In most of the cases, the victims suffer several years to find out a solution to land disputes.

Maleha Khatun, a housewife of Sandikona Union of Kendua Upazila under Netrokona district, encountered a similar situation in August 2018. A local influential, Al-Amin, grabbed a piece of her land after the death of Maleha's father. He claimed that her father sold it out to him.

Maleha was confident that Al-Amin's claim was false. As such, she went to local leaders for a solution. One of the leaders suggested her to file a case in the Village Court.

The VC gave verdict against Al Amin and ordered for immediate release of his possession. Maleha was happy with the judgment. This is a shining example of finding a simple solution to a long-standing dispute over a land with a fee of BDT 20 only through the Village Court.



# DIFFERENTLY ABLED NURJAHAN

Nurjahan Begum of Khuniapalong Union under Cox's Bazar District does not feel she is disabled. Despite her right hand does not work as same as her left hand, she always tries to live her life normally. In June 2018, she gave BDT 20,000 to a neighbour Nur Hossain as a loan considering his distressed condition and dire necessity. Nur Hossain refused to repay the money even after repeated requests.

On 11 September 2018, Nurjahan filed a case in the Khuniapalong Village Court. The VC gave judgment in favour of her, and Nur Hossain was bound to return the money. In the village court verdict, Nurjahan not only got her money back, but also regained her lost confidence. She got new courage to fight against any adversity. Nurjahan said, "I did not expect having the money back from my neighbour so easily. I am happy the way Village Court provided justice to me in such a short time with minimal expenses."



# FARMER AZIZ REFERRED TO VILLAGE COURT

Aziz Ahmed, a small farmer of Sadaha Union under Satkania Upazilla of Chattogram district, had a tussle with his neighbour Md. Jamal on using roads near his house. The relationship was so bitter that at some point Jamal filed a case with Satkania Police Station. The case finally went to the Chittagong District Court in June 2017. Aziz got frustrated after spending about 18 months and BDT 40,000. Finally, the District Court sent the case to the local Village Court. Both the courts found Md. Jamal guilty. On 25 October 2018, the VC ordered to pay compensation of BDT 10,000 against Jamal.

Aziz got the justice at last. It was also learning a lesson for Jamal as he spent a lot of time and money in the litigation process. Aziz Ahmed said, "For almost a year and a half, I was exhausted for running from the police station to the court. I have also spent a lot of money. I would not have taken the wrong advice of the people if I had known that the trial is so prompt in the village court. Now if anyone is involved in any dispute, quarrel, fight, theft or any other incident, I will first advise him to approach the village court in the Union Parishad. I will forbid you to go to the police station or court with petty disputes. I am very happy to get the services of the Village Court".



## SHAHIDA BECOMES SELF-RELIANT

Shahida Begum, a poor home maker of Sonahat Union under Kurigram District, could not disregard her relative Shukkur Ali when he was in distress and came to her for some financial help. Despite all difficulties, she managed BDT 15,000 for him as a loan. After few months, when she badly needed that money and asked for it, Shukkur initially wanted to repay with paddy in installments. As it was not suitable for her, she claimed cash. Then he denied paying back. It was a bolt from the blue to her.

Finding no other alternative, Shahida filed a case in June 2018 against Shukkur with the local Village Court. She was able to recover the full amount from her relative through the VC. Adding some with this amount, she purchased a cub that is now grown up enough for selling. She is happy not only for recovering the money within a short period, but also for the amount that helped her becoming self-reliant. Shahida said, “I got back BDT 15,000 as per the decision of the Village Court. I was really impressed with the decision as I never imagined that I would get my money back in such a short time. Adding some more, I bought a cow. The estimated value of that cow is now BDT 45,000. The village court gave me the opportunity to become self-reliant.”



## NOOR MOHAMMAD GETS BACK HIS STOLEN BICYCLE

Noor Mohammad, a farmer of Pathordubi UP under Bhurungamari Upazila, Kurigram, lost his bicycle on 10 November 2018 when his son parked it near a mosque. After the prayer, his son noticed that the bicycle was not in place. His son created enough noise and searched it in every possible area but could not locate it. While roaming at a local Bazar, a neighbour of Noor Mohammad noticed that the very bicycle is in the possession of Fazlul Haque, another neighbour of Noor Mohammad. After a lot of argument, Noor Mohammad filed a case in the local Village Court. Fazlul Haque received a summon from Chairman that forced him to confess in front of the court. Finally, he apologized to the applicant and returned his bicycle. Noor Mohammad was happy with the quick judgment by the Village Court.



# VC ENSURES JUSTICE FOR REAZUL

Reazul Islam, a farmer of Belgachha Union under Kurigram district, filed a case in Village Court on 1 February 2018 as his neighbour forcefully sold out the top-soil of his cultivable land.

When summoned, the accused Ershadul Haq could not deny the fact about the complaint and finally agreed for a settlement. The Village Court ordered a compensation of BDT 30,000. Ershad agreed to pay and sought some time for payment.

After receiving the money within two months, Reazul established a grocery shop with that amount. The verdict ensured a better livelihood for Reazul. Riazul said, "I am very happy to get BDT 30,000 as compensation. I never thought that justice could be obtained so easily through Village Court. With that money I set up a small grocery store next to my house. Now I am asking my neighbours to go to the village court if anyone has a problem. In my opinion, the village court is the best place for poor people to get justice."



# BANGASONAHAT UNION PARISHAD, KURIGRAM

Md. Shahjahan Ali Mollah, Chairman of Bangasonahat Union Parishad of Bhurungamari Upazila of Kurigram District. The Village Court has been active in this Union for the last three years. Bangasonahat Union is a bit different from other Unions of Bhurungamari Upazila. The main reason for this difference is the Chairman's development ideas. He is always at the forefront in the case of providing any government services to the poor people. He regularly resolves petty civil and criminal cases through the Village Court. He regularly sits in the courtroom and conducts court proceedings. The result is also impressive. He has disposed over 150 cases within the first year of the project, and he is proud of it.



## REZIA'S RIGHTS TO ROAD

The father of Rezia Begum of Rahimpur UP under Komolganj Upazila of Moulvibazar district donated a piece of land for movement of people. But her neighbor Shah Alam tried to occupy that land and created obstacle on her way. When Rezia tried to take up it again, Shah Alam misbehaved with her. Several negotiations with him went in vain. Finally, Rezia filed a case in September 2018 with the local Union Parishad seeking to establish the right of her pathway. The VC solved the case within one month and ordered to clear the road.

Shah Alam apologized in front of the Court for his misconduct and agreed to clear obstacles from the pathway of Rezia Begum. Rezia Begum said, "I am very happy to get the right of the road given by my father through the Village Court. My neighbors can travel comfortably on this road, which makes me feel very good. The Village Court is for the poor like us, I sincerely thank all those involved in the Village Court."



## AFIA GETS RID OF LOANS

Afia Begum, a poor woman of Ashdron Union under Srimongal Upazila of Moulvibazar district, bought an insurance policy from a local cooperative agency. She paid three premiums worth BDT 1,500 each. But the insurance agent Lolita did not give any receipt to Afia for the amount she paid. It created a feeling of uncertainty for Afia. Later on, whenever she mentioned about the money, Lolita avoided her. The tussle continued for about four years.

As a last resort, Afia sought justice to the local Union Parishad on 7 November 2017. The VC found Lolita guilty and ordered her to pay back the money.

Afia received the amount within a month with which she paid back her loans.



# জমির টাকা ফেরত পেল গনেশ

অবসরপ্রাপ্ত চা বাগানের শ্রমিক গণেশ রবিদাস অবিবাহিত ছিলেন। দেখাশোনার তেমন কেউ না থাকায় অবসর গ্রহণের পরে সে তার ভাগ্নের সাথে বসবাস করতেন এবং তার ভাগ্নে তার জায়গায় চাকুরী পায়।

যেহেতু গণেশের কোনো নিকট উত্তরাধিকারী ছিলনা, এই সুযোগটি কাজে লাগিয়ে তার ছোট ভাই সুশান রবিদাস গণেশের মালিকানাধীন ১১ শতাংশ জমি জবরদখল করে নেয়। এতে তাকে অনেক কষ্ট পেতে হয়। ন্যায়বিচার পেতে তিনি মানুষের দ্বারে দ্বারে ছুটে বেড়িয়েছেন।

অবশেষে গণেশ ৫ আগস্ট ২০১৮ তারিখে স্থানীয় ইউনিয়ন পরিষদে মামলা করেন। শুনানীর পর গ্রাম আদালত গণেশের পক্ষে রায় দেয় এবং তার ভাই জমির মূল্য হিসাবে ৭০,০০০ টাকা দিতে সম্মত হন। সংখ্যালঘু সম্প্রদায়ের সদস্য হওয়ার কারণে গণেশ কিছুটা হীনমন্যতায় ভুগতেন। তার সমস্যার এত দ্রুত সমাধান হবে তা ভাবেননি। গ্রাম আদালতে এই রায়ে সে খুবই খুশি।



# SHIRINA AKTER: A UP CHAIRMAN WITH DISTINCTION

Shirina Akter has become Chairman of the Fakirhat Sadar Union under Bagerhat district for the second term since 2013 as she proved her capability in terms of leadership, governance and brining justice for the poor people in her area.

A former Family Planning Official of the Government, Shirina has been instrumental in making VC effective and resolved over 200 cases till June 2020.

Local people love to rely on her in any issue as same as they relied on her father, a former Chairman of the same area.



# CRACKING THE CRAB CASE

Humayun Fakir is a fish trader in Burirdanga UP in Mongla, Bagerhat. On 10 January 2018, he sold crab to a local trader Gobinda Mondol worth BDT 44,250 on credit. The condition of the credit was that he will repay the full amount within three months.

But Gobinda could able to pay only BDT 20,000 within the stipulated time and started delaying for the remaining amount. He finally filed a case in the local Union Parishad for the breach of contract. The VC summoned Gobinda in May, 2018 and concluded the case in July, 2018. Humayun was very happy to get his money back so quickly.



Co-funded by
the European Union

# প্রতিফলন

## ছবি-গল্পে গ্রাম আদালত







**বাংলাদেশে গ্রাম আদালত সক্রিয়করণ (২য় পর্যায়) প্রকল্প**

**স্থানীয় সরকার বিভাগ**

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**প্রতিফলন**
ছবি-গল্পে গ্রাম আদালত
বাংলাদেশে গ্রাম আদালত সক্রিয়করণ (২য় পর্যায়) প্রকল্প

**প্রকাশকাল** : জুলাই ২০২১

**উপদেষ্টা পরিষদ** : মরণ কুমার চক্রবর্তী, অতিরিক্ত সচিব,
স্থানীয় সরকার বিভাগ ও জাতীয় প্রকল্প পরিচালক, এভিসিবি (২য় পর্যায়)
মোহাম্মদ সিরাজুল হক, প্রজেক্ট ম্যানেজার (অন্তর্বর্তীকালীন)

**সম্পাদনা পরিষদ** : মেবল সিলভিয়া রড্রিগস, প্রজেক্ট কোঅর্ডিনেশন অফিসার
এনামুল হক খসরু, সিনিয়র ক্যাপাসিটি ডেভেলপমেন্ট অফিসার
মশিউর রহমান চৌধুরী, লিগ্যাল স্পেশালিস্ট
মোহাম্মদ আবদুল্লাহ, মনিটরিং এন্ড লেসন্স লার্নিং অফিসার
আশুতোষ মজুমদার, মনিটরিং এন্ড লেসন্স লার্নিং অফিসার,
বাংলাদেশে গ্রাম আদালত সক্রিয়করণ (২য় পর্যায়) প্রকল্প

**সার্বিক সমন্বয়** : কাজী শামসুল আমীন, ন্যাশনাল কনসালট্যান্ট-কমিউনিকেশনস্ এন্ড আউটরিচ,
বাংলাদেশে গ্রাম আদালত সক্রিয়করণ (২য় পর্যায়) প্রকল্প

**প্রকাশক** : বাংলাদেশে গ্রাম আদালত সক্রিয়করণ (২য় পর্যায়) প্রকল্প
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়



# জমি ফিরে পেল মালেহা

জমি নিয়ে বিরোধ আমাদের দেশের চিরাচরিত একটি বিষয়। দীর্ঘ সময়েও সমাধান পাওয়া দুস্কর।

নেত্রকোনা জেলার কেন্দুয়া উপজেলার সান্দিকোনা ইউনিয়নের গৃহবধূ মালেহা খাতুন ২০১৮ সালের আগস্ট মাসে এরকম একটি পরিস্থিতির মুখোমুখি হন। স্থানীয় প্রভাবশালী আল-আমিন মালেহার পিতার মৃত্যুর পরে তার জমিগুলির একটি অংশ জবর দখল করে নেন। তিনি দাবি করেন যে মালেহার বাবা তার কাছে এই জমি বিক্রি করেছেন।

মালেহা নিশ্চিত ছিল যে আল-আমিন মিথ্যা বলছে। তাই তিনি স্থানীয় নেতাদের কাছে এর একটি সমাধানের জন্য যান। এক মুরুব্বি তাকে স্থানীয় গ্রাম আদালতে মামলা করার পরামর্শ দেন।

গ্রাম আদালত আল-আমিনকে অবৈধ দখলকারী সাব্যস্ত করেন এবং মালেহার সম্পত্তি অতিসত্তর ফেরত দেয়ার নির্দেশ প্রদান করেন। মালেহা খুব খুশি এজন্য নয় যে সে মাত্র ২০ টাকা ব্যয়ে রায় পেয়েছেন, আসলে তিনি গ্রাম আদালতের মাধ্যমে এই জমি নিয়ে একটি দীর্ঘকালীন বিরোধের সহজ সমাধান পেয়েছেন।



# ভিন্নভাবে সক্ষম নূরজাহান

কক্সবাজার জেলার অন্তর্গত খুনিয়াপালং ইউনিয়নের নুরজাহান বেগম নিজেকে কখনো প্রতিবন্ধি ভাবেন না। যদিও তার ডান হাতটি তার বাম হাতের মতো কাজ করেন না, তিনি সবসময় স্বাভাবিকভাবেই তার জীবনযাপন করার চেষ্টা করেন। জুন ২০১৮ সালে নুরজাহার বেগম পাড়ার ছেলে মোঃ নুর হোসেনকে তার দূরাবস্থার কথা চিন্তা করে ২০ হাজার টাকা ধার দেন। কৃতজ্ঞতার বদলে সে তার দুর্বলতার সুযোগ নেয়। আজ দিবে কাল দিবে বলে সে আর টাকা ফেরত দেয়না।

তিনি ১১ সেপ্টেম্বর ২০১৮ তারিখে নুরজাহান খুনিয়াপালং ইউনিয়ন পরিষদ গ্রাম আদালতে একটি মামলা দায়ের করেন। গ্রাম আদালতের শুনানীতে নুর হোসেনকে দোষী সাব্যস্ত করে রায় প্রদান করে এবং নূরজাহান তার টাকা ফেরত পান। গ্রাম আদালতের রায়ে নূরজাহান শুধু টাকাই ফেরত পাননি, তার হারানো আত্মবিশ্বাসটাও ফেরত পেয়েছেন। যেকোনো প্রতিকূল পরিবেশের সাথে লড়াই করার নতুন সাহস পেয়েছে সে। গ্রাম আদালতের শুনানীর মাধ্যমে ন্যায় বিচার পাওয়ায় তিনি সন্তোষ প্রকাশ করে বলেন, "গ্রাম আদলতের মাধ্যমে নুর হোসেনের কাছ থেকে এত অল্প সময়ে, কোন হয়রানী ছাড়া টাকা ফেরত পাব আশা করিনি।"



# কৃষক আজিজের মামলা গ্রাম আদালতে সমাধান

চট্টগ্রাম জেলার সাতকানিয়া উপজেলাধীন সাদাহা ইউনিয়নের প্রান্তিক কৃষক আজিজ আহমেদের সাথে বাড়ীর রাস্তা ব্যবহার নিয়ে তার প্রতিবেশী মোঃ জামালের একটি বিবাদ চলছিল। সম্পর্কটি এতটাই তিক্ত হয়ে যায় যে এক পর্যায়ে জামাল সাতকানিয়া থানায় একটি মামলা দায়ের করেন। শেষ পর্যন্ত মামলাটি ২০১৭ সালের জুনে চট্টগ্রাম জেলা জজ আদালতে স্থানান্তর হয়। আঠারো মাস যাবত প্রায় ৪০,০০০ টাকা ব্যয় করে আজিজ হতাশ হয়ে পড়ে। অবশেষে জেলা জজ আদালত মামলাটি স্থানীয় গ্রাম আদালতে প্রেরণ করে। গ্রাম আদালত মোঃ জামালকে দোষী সাব্যস্ত করেছে। ২৫ অক্টোবর ২০১৮, গ্রাম আদালত জামালকে ১০,০০০ টাকা জরিমানা করেছে।

শেষ পর্যন্ত ন্যায়বিচার পেল আজিজ। উচ্চ আদালতে প্রচুর সময় ও অর্থ ব্যয় করার পরেও জামাল তার পক্ষে রায় পায়নি। এটি তার জন্য ছিল একটি চরম শিক্ষা। আজিজ তার অনুভূতি ব্যক্ত করতে গিলে বলেন, প্রায় দেড় বছর থানা, কোর্টে দৌড়াদৌড়ি করে হয়রান হয়ে গিয়েছিলাম। অনেক টাকাও খরচ করেছি। গ্রাম আদালতে এত দ্রুত বিচার হয় জানলে মানুষের ভুল পরামর্শ গ্রহণ করতাম না। এখন কেউ কোন বিরোধে জড়ালে, ঝগড়া, মারামারি, চুরি কিংবা অন্য কোন ঘটনা ঘটলে তাকে প্রথমে ইউনিয়ন পরিষদে গ্রাম আদালতে আসার পরামর্শ দিব। ছোট খাট বিরোধ নিয়ে থানা কিংবা কোর্টে যেতে নিষেধ করব। গ্রাম আদালতের সেবা পেয়ে আমি ভীষণ খুশি।



# স্বাবলম্বী শাহিদা

কুড়িগ্রাম জেলার সোনাহাট ইউনিয়নের দরিদ্র গৃহবধূ শাহিদা বেগম অসুস্থ অবস্থায়ও তার আত্মীয় শুক্কুর আলীকে উপেক্ষা করতে পারেননি। শুক্কুর আলী আর্থিক সাহায্যের জন্য শাহিদার কাছে এসেছিলো। সমস্ত অসুবিধা সত্ত্বেও তিনি তাঁকে ১৫,০০০ টাকা ধার দিয়েছিলেন। কয়েক মাস পরে যখন তার খুব টাকার দরকার পড়লো, তখন শুক্কুরের কাছে চাইতে গেলে প্রথমে কিস্তিতে ধান দিয়ে পরিশোধ করবে বলে তাঁকে আস্বস্ত করে। এটি শাহিদার পক্ষে সুবিধাজনক না হওয়ায় তিনি নগদ দাবি করেছিলেন। শুক্কুর আলী তখন টাকা ফেরত দিতে অস্বীকার করেন। শাহিদার জন্য এটা ছিল বিনা মেঘে বজ্রপাত। শাহিদা স্থানীয় গ্রাম আদালতে ২০১৮ সালের জুন মাসে শুক্কুরের বিরুদ্ধে একটি মামলা দায়ের করেন। তিনি গ্রাম আদালতের মাধ্যমে শুক্কুর আলীর কাছ থেকে পুরো টাকা উদ্ধার করতে সক্ষম হন। এই টাকার সাথে আরো কিছু যোগ করে তিনি একটি বকনা বাছুর কেনেন। বাছুরটি এখন বেশ বড়সড় হয়েছে যার বিক্রয়মূল্য এখন অনেক বেশি হবে।

শাহিদা অল্প সময়ে ও স্বল্প খরচে তার অর্থ পুনরুদ্ধার করেছেন, যা তাঁকে স্বাবলম্বি করতে সহায়তা করেছে। শাহিদা বলেন, "গ্রাম আদালতের সিদ্ধান্তের মাধ্যমে আমি ১৫,০০০ টাকা ফেরত পাই। টাকা পেয়ে সত্যিই আমি অভিভূত। এত কম সময়ে আমি টাকা ফেরৎ পাবো কল্পনাও করিনি। আরও কিছু টাকা একত্রিত করে আমি একটা বকনা বাছুর কিনি। সেই বাছুরের এখন আনুমানিক মূল্য ৪৫,০০০ টাকা। গ্রাম আদালত আমাকে স্বাবলম্বী হবার সুযোগ করে দিয়েছে।"



# নূর মোহাম্মদ তার চুরি যাওয়া সাইকেলটি ফিরে পেয়েছে

কুড়িগ্রামের ভুরুঙ্গামারী উপজেলাধীন পাথরডুবি ইউনিয়নের কৃষক নূর মোহাম্মদের ছেলে গত ১০ নভেম্বর ২০১৮ বাড়ীর কাছের মসজিদে নামাজ পড়তে যায়। নামাজ শেষে তার ছেলে লক্ষ্য করলেন সাইকেলটি আর নেই। এ নিয়ে তার ছেলে যথেষ্ট হৈচৈ করেছে এবং সম্ভাব্য সব জায়গায় অনুসন্ধান করেছে কিন্তু সাইকেলটি আর খুঁজে পায়নি।

একদিন নূর মোহাম্মদের এক প্রতিবেশী স্থানীয় বাজারে ঘোরাঘুরি করার সময় লক্ষ্য করেন যে তাঁর অপর এক প্রতিবেশী ফজলুল হক সেই সাইকেলটি চালাচ্ছেন।

বিষয়টি নূর মোহাম্মদকে জানানো হলে ফজলুল হকের সাথে বেশ ঝগড়া হয়। এক পর্যায়ে বিবাদ স্থানীয় গ্রাম আদালতে গড়ায়। আদালতের কাছ থেকে সমন পেয়ে ফজলুল হক অনেকটা ভড়কে যায় এবং আদালতের সামনে সে সাইকেল চুরির বিষয় স্বীকার করে। অবশেষে তিনি বাদীর কাছে ক্ষমা চেয়ে সাইকেলটি ফিরিয়ে দেন।

নূর মোহাম্মদ গ্রাম আদালতের মাধ্যমে দ্রুত রায় পেয়ে এবং তার সাইকেলটি ফেরত পেয়ে খুশি।



# রিয়াজুল ন্যায়বিচার পেয়েছে

কুড়িগ্রাম জেলার বেলগাছা ইউনিয়নের কৃষক রিয়াজুল ইসলামের প্রতিবেশী এরশাদুল হক একদিন জোরপূর্বক রিয়াজুলের আবাদযোগ্য জমির উপরের মাটি বিক্রি করে দেয়। এ কারণে রিয়াজুল ১ ফেব্রুয়ারী, ২০১৮ তারিখে গ্রাম আদালতে মামলা করেন।

সমন জারি করা হলে অভিযুক্ত এরশাদুল হক অভিযোগের বিষয়টি অস্বীকার করতে পারেননি এবং শেষ পর্যন্ত মীমাংসার জন্য রাজি হন। আদালত ৩০,০০০ টাকা ক্ষতিপূরণের আদেশ দেওয়ার পর তিনি এতে সম্মত হন। কিন্তু অর্থ পরিশোধের জন্য কিছু সময় চান।

দুই মাসের মধ্যে টাকা পেয়ে রিয়াজুল একটি মুদি দোকান দেন। গ্রাম আদালতের রায় রিয়াজুলের জীবিকা নির্বাহের পথ আরও প্রশস্ত করেছে। রিয়াজুল বলেন, আমি ক্ষতিপূরণের ৩০,০০০ টাকা পেয়ে খুব খুশি। এত সহজে গ্রাম আদালতের মাধ্যমে ন্যায় বিচার পাওয়া যাবে তা কখোনো ভাবিনি। সেই টাকা দিয়ে আমার বাড়ির পাশে একটা ছোট মুদি দোকান দিয়েছি। এখন আমার পাড়ার কারও সমস্যা হলে প্রথমেই গ্রাম আদালতে যাওয়ার জন্য বলছি। আমার মতে, গ্রাম আদালতই হলো গরীব মানুষের ন্যায় বিচার পাওয়ার সবচেয়ে ভাল স্থান।



# কুড়িগ্রামের বঙ্গসোনাহাট ইউনিয়ন পরিষদ

মোঃ শাহজাহান আলী মোল্লা, কুড়িগ্রাম জেলার ভুরুঙ্গামারী উপজেলার বঙ্গসোনাহাট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান। গত তিন বছর ধরে এই ইউনিয়নে গ্রাম আদালত সক্রিয় আছে। বঙ্গসোনাহাট ইউনিয়ন ভুরুঙ্গামারী উপজেলার অন্যান্য ইউনিয়ন থেকে কিছুটা আলাদা। এর প্রধান কারণ হল চেয়ারম্যানের উন্নয়ন বিষয়ক ধারণা।

সাধারণ মানুষকে সকল সরকারী সেবা প্রদানে তিনি সর্বদা অগ্রণী ভূমিকা পালন করে থাকেন। তিনি নিয়মিতভাবে ছোটখাট দেওয়ানি ও ফৌজদারি মামলাসমূহ গ্রাম আদালতে সমাধান করেন। তিনি সবসময় আদালতের এজলাসে বসে আদালতের কার্যক্রম পরিচালনা করেন। অক্টোবর ২০১৮ পর্যন্ত তিনি ১৪৩ টি মামলা গ্রাম আদালতে নিষ্পত্তি করেছেন যা নিয়ে তিনি গর্ব অনুভব করেন।



# রাস্তার অধিকার আদায় করলো রেজিয়া

মৌলভীবাজারের কমলগঞ্জ উপজেলাধীন রহিমপুর ইউনিয়নের রেজিয়া বেগমের পিতা জনগণের চলাচলের জন্য এক টুকরো জমি দান করেছিলেন। কিন্তু একদিন তার প্রতিবেশী শাহ আলম সেই জায়গা দখলের পাঁয়তারা করেন এবং জনগণের চলাচলের পথে বাধা দেওয়া শুরু করেন। রেজিয়া এর প্রতিবাদ করলে শাহ আলম তার সাথে দুর্ব্যবহার করেন। তার সাথে আপোষের বেশ কিছু আলোচনাও ব্যর্থ হয়। অবশেষে রেজিয়া তার পথের অধিকার প্রতিষ্ঠার জন্য সেপ্টেম্বর ২০১৮ সালে স্থানীয় গ্রাম আদালতে একটি মামলা দায়ের করেন। গ্রাম আদালত এক মাসের মধ্যে মামলাটি সমাধান করে শাহ আলমকে অবিলম্বে রাস্তা ছাড়ার নির্দেশ প্রদান করেন।

শাহ আলম তার অসদাচরণের জন্য আদালতের কাছে ক্ষমা চান এবং রেজিয়া বেগমের পথ থেকে সব বাধা তুলে দিতে সম্মত হন। রেজিয়া বেগম বলেন, "আমি গ্রাম আদালতের মাধ্যমে আমার পিতার দেওয়া রাস্তা ফেরত পেয়ে অনেক খুশি। এই রাস্তা দিয়ে প্রতিবেশীরা স্বাচ্ছন্দ্যে যাতায়াত করতে পারছে, এতে আমার খুব ভাল লাগছে। গ্রাম আদালত আমাদের মত গরিবের আদালত, আমি গ্রাম আদালতের সাথে জড়িতদের সকলকে আন্তরিক ধন্যবাদ জানাই।"



# ঋণমুক্ত হলেন আফিয়া

মৌলভীবাজার জেলার শ্রীমঙ্গল উপজেলাধীন আশিদ্রোন ইউনিয়নের দরিদ্র মহিলা আফিয়া বেগম স্থানীয় সমবায়ীদের কাছ থেকে বীমা পলিসি কিনেছিলেন। তিনি ধার করে ১,৫০০ টাকা মূল্যের তিনটি প্রিমিয়ামও প্রদান করেন। কিন্তু বীমা এজেন্ট ললিতা আফিয়াকে দেয় টাকার বিপরীতে কোনও রসিদ দেয়নি। এটি আফিয়ার মধ্যে একটি অনিশ্চয়তার বোধ তৈরি করে। পরে যখনই সে এই টাকার কথা উল্লেখ করতো, ললিতা তাকে এড়িয়ে যেত। প্রায় চার বছর ধরে এই লড়াই চলে।

উপায়ান্তর না দেখে অবশেষে আফিয়া ৭ নভেম্বর ২০১৭ তারিখে স্থানীয় গ্রাম আদালতের কাছে বিচার প্রার্থনা করেন। গ্রাম আদালত ললিতাকে দোষী বলে সাব্যস্ত করে তাকে সেই টাকা ফেরত দেওয়ার নির্দেশ দেয়।

আফিয়া এক মাসের মধ্যে তার পাওনা ফেরৎ পান, যা দিয়ে সে তার ঋণ পরিশোধ করেন।



## GANESH GETS BACK LAND PRICE

Ganesh Robidas, a former tea garden worker, was single in his life. After his retirement, his nephew replaced his position, and so he was staying with his nephew.

As Ganesh had no immediate heir, his younger brother Sushan Robidas took this opportunity and grabbed all 11 decimals of lands that Ganesh owned. It gave him a lot of pain and he rushed from door to door to get justice.

Finally, Ganesh filed a case with the local Union Parishad on 5 August 2018. The VC gave verdict in favor of Ganesh and his brother agreed to pay BDT 70,000 as a price of the land. Being a member of the minority group, Ganesh never expected to get a solution to his problem so quickly. He was happy with this decision.



## শিরিনা আক্তার: একজন ব্যতিক্রমী চেয়ারম্যান

শিরিনা আক্তার ২০১৩ সাল থেকে দ্বিতীয় মেয়াদে বাগেরহাট জেলার ফকিরহাট সদর ইউনিয়নের চেয়ারম্যান পদে অধিষ্ঠিত আছেন। তিনি তার অঞ্চলের দরিদ্র জনগণের পক্ষে সফল নেতৃত্ব, সুশাসন ও ন্যায়বিচার প্রতিষ্ঠার ক্ষেত্রে তার সক্ষমতা প্রমাণ করেছেন।

বাংলাদেশ সরকারের সাবেক পরিবার পরিকল্পনা কর্মকর্তা শিরিনা আক্তার গ্রাম আদালতকে কার্যকর করতে ব্যাপক ভূমিকা পালন করেছেন। ২০২০ সালের জুন পর্যন্ত তিনি ২০০টিরও বেশি মামলা পরিচালনা করেন।

তার বাবাও ছিল একই এলাকার সাবেক চেয়ারম্যান। স্থানীয় জনগণ যে কোনও ইস্যুতে তার উপর নির্ভর করতে পছন্দ করে যেমন তারা তার বাবার উপর নির্ভর করতো।



# কাঁকড়া মামলার সুরাহা

হুমায়ুন ফকির বাগেরহাটের মোংলার বুড়িরডাঙ্গা ইউনিয়নের একজন মাছ ব্যবসায়ী। ১০ জানুয়ারী ২০১৮ তারিখে তিনি স্থানীয় ব্যবসায়ী গোবিন্দ মন্ডলের নিকট ৪৪,২৫০ টাকা মূল্যের কাঁকড়া বাকীতে বিক্রি করেন। বাকীর শর্ত ছিল যে তিনি তিন মাসের মধ্যে পুরো টাকা পরিশোধ করবেন।

তবে গোবিন্দ নির্ধারিত সময়ের মধ্যে কেবল ২০,০০০ টাকা ফেরত দেন এবং বাকি টাকা পরিশোধে গড়িমসি শুরু করেন। চুক্তি লঙ্ঘনের জন্য অবশেষে হুমায়ুন ফকির স্থানীয় ইউনিয়ন পরিষদে মামলা করেন। গ্রাম আদালত গোবিন্দর প্রতি সমন জারি করে এবং জুলাই, ২০১৮ এ মামলাটি শেষ হয়। রায়ে দুই সপ্তাহের মধ্যে হুমায়ুন ফকিরের টাকা ফেরত দেয়ার জন্য আদেশ প্রদান করা হয় যাতে গোবিন্দ সম্মত হয়। হুমায়ূন এত দ্রুত তার টাকা ফেরত পেয়ে খুব খুশি।

